

পশ্চিমবঙ্গ সরকার,  
মহকুমা শাসকের কার্যালয়,  
রঘুনাথপুর, পুরুলিয়া

মডেল বিদ্যালয়, রঘুনাথপুর-২  
ষষ্ঠ এবং সপ্তম শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি  
শিক্ষাবর্ষ-২০১৪

এই মর্মে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে মডেল বিদ্যালয়, রঘুনাথপুর-২ -এর পঠন পাঠন আগামী ২০১৪-শিক্ষাবর্ষ থেকে চালু হবে। প্রাথমিক ভাবে এই বিদ্যালয়ে ষষ্ঠ এবং সপ্তম শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তি করা হবে। মোট আসন সংখ্যা-প্রতি শ্রেণীতে ৪০ (চল্লিশ) জন।

ভর্তির জন্য যোগ্যতা ও প্রয়োজনীয় শর্তাবলী :

ষষ্ঠ শ্রেণীর জন্য

১. আবেদনকারীকে রঘুনাথপুর-২ ব্লকের স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. সরাসরি ভর্তির ক্ষেত্রে শিশুর বয়স ১১ বছর বা তার বেশী কিন্তু ১২ বছরের কম হতে হবে। বয়স হিসাব করা হবে ০১.০১.২০১৪ তারিখ হিসাবে।
৩. অন্য বিদ্যালয় থেকে পঞ্চম শ্রেণী উত্তীর্ণ শংসাপত্র সাপেক্ষে ভর্তি করা হবে।

সপ্তম শ্রেণীর জন্য

১. আবেদনকারীকে রঘুনাথপুর-২ ব্লকের স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. সরাসরি ভর্তির ক্ষেত্রে শিশুর বয়স ১২ বছর বা তার বেশী কিন্তু ১৩ বছরের কম হতে হবে। বয়স হিসাব করা হবে ০১. ০১. ২০১৪ তারিখ হিসাবে।
৩. অন্য বিদ্যালয় থেকে ষষ্ঠ শ্রেণী উত্তীর্ণ শংসাপত্র সাপেক্ষে ভর্তি করা হবে।

উৎসাহী অভিভাবকেরা আগামী ৩১ শে জানুয়ারী, ২০১৪ সালের মধ্যে নির্দিষ্ট বয়ানে আবেদনপত্র সমষ্টি উন্নয়ন আধিকারিক, রঘুনাথপুর-২-এর অফিসে শুধুমাত্র কাজের দিনে সকাল ১১.৩০ টা থেকে বিকাল ৩.৩০ টা অবধি জমা দিতে পারবেন।

আবেদন পত্রের সঙ্গে জন্মের প্রমাণপত্র / বিদ্যালয় ত্যাগের প্রমাণপত্র (যেখানে প্রযোজ্য) দিতে হবে।

তপশীলি জাতি /তপশীলি উপজাতি /অন্যান্য অনগ্রসর জাতি/ বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর জন্য আবেদন পত্রের সঙ্গে প্রয়োজনীয় শংসাপত্র জমা দিতে হবে।

আবেদনপত্র বিনামূল্যে সমষ্টি উন্নয়ন আধিকারিক, রঘুনাথপুর-২-এর অফিস থেকে পাওয়া যাবে। ভর্তি করার জন্য কোনো ফি লাগবে না।

একটি শিশুর জন্য কেবল মাত্র একটি আবেদন পত্র জমা দেওয়া যাবে।

মোট আসনের বেশী আবেদনপত্র জমা পড়লে সরকারী বিদ্যালয়ে ভর্তির নিয়মানুযায়ী লটারীর মাধ্যমে ভর্তি করা হবে। ভর্তির ক্ষেত্রে সরকারী সংরক্ষণ নীতি প্রযোজ্য।

মহকুমা শাসক,  
রঘুনাথপুর

মহকুমা শাসক,  
রঘুনাথপুর

স্মারক সংখ্যা- ১১৩(৩)/এম. ডি. ও./৩৫৩.১৯. বি.

তাং- ১৭-০১-২০১৮

অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিত আধিকারিকদের নিকট বিজ্ঞপ্তিটি প্রেরণ করা হল:

১. জেলা প্রকল্প আধিকারিক, সর্ব শিক্ষা মিশন, পুরুলিয়া। তাঁকে অনুরোধ করা হচ্ছে যাতে সর্বশিক্ষা মিশনের মাধ্যমে বিজ্ঞপ্তিটির প্রচার করার ব্যবস্থা নেওয়া হয়।
২. সমষ্টি উন্নয়ন আধিকারিক, রঘুনাথপুর-২ উন্নয়ন ব্লক। তাঁকে অনুরোধ করা হচ্ছে যাতে বিজ্ঞপ্তিটির প্রচার করার ব্যবস্থা নেওয়া হয়।
৩. ডি.আই.ও., এন.আই.সি., পুরুলিয়া। তাঁকে অনুরোধ করা হচ্ছে যাতে বিজ্ঞপ্তিটি পুরুলিয়ার সরকারী ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

মুহুম্বীনা

মহকুমা শাসক,  
রঘুনাথপুর